

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে আজ বিক্ষোভ সমাবেশ

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০৪:১০, ২৭ ফেব্রুয়ারি ২০২৫; আপডেট: ০৪:২৫, ২৭ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মধুর ক্যান্টিনে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ কমিটি গঠনকে কেন্দ্র করে দুই গ্রুপের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে। এতে মিশু আলি (২৪) ও আকিব আল হাসান (২৩) নামে দুই সমন্বয়ক আহত হয়েছেন।

গণমাধ্যমকে দেওয়া এক বিবৃতি এতথ্য জানান সম্মিলিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব আতিক শাহরিয়া।

বিবৃতিতে তিনি জানান, আগামী ২৪ ঘণ্টার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন এলাকায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর নৃশংস অতর্কিত হামলায় যারা মদদ দিয়েছে তাদের দৃষ্টান্ত মূলক শাস্তি নিশ্চিত করতে হবে। পাশাপাশি একটি তদন্ত কমিটি গঠনসহ দোষীদের সব সাংগঠনিক পদ পদবি থেকে অব্যাহতি পূর্বক বহিষ্কার করতে হবে।

ঢাবি সিল্ডিকেট মেইনটেইন করে যে অগণতান্ত্রিক ছাত্র সংসদ কমিটি প্রকাশিত হয়েছে আমরা সেটা ঘৃণা ভরে প্রত্যাখান করছি এবং এই লেজুড় ভিত্তিক সিল্ডিকেট কমিটি বয়কট ঘোষণা করছি। অতি দ্রুত আলোচনা সাপেক্ষে এ কমিটি বাতিল ঘোষণা পূর্বক সব স্টেক হোল্ডারদের অংশীদারত্ব নিশ্চিত করে পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করতে হবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর ন্যাক্কারজনক হামলার প্রতিবাদে দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ কর্মসূচি এবং মানববন্ধন পালন করার আহ্বান জানানো হলো।

আগামী ২৪ ঘণ্টার মধ্যে দাবি না মেনে নেওয়া হলে পরবর্তীতে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।